

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১১০

পর্ব - ৮ঃ বিবাহ (১ হার্ন)

পরিচ্ছেদঃ ১১. ইদ্দত পালন, শোক প্রকাশ, জরায়ু শুদ্ধিকরণ ইত্যাদির বর্ণনা - স্বামীর মৃত্যুতে স্ত্রীর ইদ্দাত শেষ হওয়া পর্যন্ত স্বামীগৃহে অবস্থান করা

আরবী

وَعَنْ فُرَيْعَةَ بِنْتِ مَالِكِ: أَنَّ زَوْجَهَا خَرَجَ فِي طَلَبِ أَعْبُدٍ لَهُ، فَقَتَلُوهُ. قَالَتْ: فَسَأَلْتُ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ أَنْ أَرْجِعَ إِلَى أَهْلِي; فَإِنَّ زَوْجِي لَمْ يَتْرُكُ لِي مَسْكَنًا يَمْلِكُهُ وَلَا نَفَقَةً, فَقَالَ: «نَعَمْ». فَلَمَّا كُنْتُ فِي الْحُجْرَةِ نَادَانِي, فَقَالَ: «امْكُثِي فِي بَيْتِكِ حَتَّى يَبْلُغَ الْكِتَابُ أَجَلَهُ». قَالَتْ: فَاعْتَدَدْتُ فِيهِ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا, قَالَتْ: فَقَضَى بِهِ بَعْدَ ذَلِكَ عُثْمَانُ. أَخْرَجَهُ أَحْمَدُ, وَالْأَرْبَعَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, والذُّهْلِيُّ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ وَغَيْرُهُمْ

حسن. رواه أحمد (6/ 370 و 420 _ 421)، وأبو داود (2300)، والنسائي (699)، والترمذي (1204)، وابن ماجه (2031)، وابن حبان (1331 و 1332)، والحاكم (208) وقال الترمذي: «حديث حسن صحيح». وتصحيح الذهلي نقله الحاكم، وأما تضعيف ابن حزم له (10/ 302) فمردود عليه كما تجده بالأصل

বাংলা

১১১০। ফুরাইয়াহ বিনতে মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, তার স্বামী স্বীয়- পলাতক ক্রীতদাসদের সন্ধানে বের হয়েছিলেন। ফলে তারা তাকে হত্যা করে ফেলে, তিনি বলেছেন, আমি এ ব্যাপারে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম যে আমি আমার পিত্রালয়ে ফিরে যাই। কেননা আমার স্বামী আমার জন্য তাঁর কোন মালিকানাধীন বাসগৃহ ও খাদ্যবস্তু রেখে যাননি। তিনি বলেছেন- হাঁ রেখে যায়নি, অতঃপর আমি যখন কক্ষেরয়েছি, তিনি আমাকে ডেকে বললেন-তুমি তোমার ঘরেই থেকে যাও—যতক্ষণ না তোমার ইদ্দতের ধার্য সময় পূর্ণ



না হয়। তিনি (ফুরাইয়াহ) বললেন— আমি চার মাস দশ দিন তথায় অবস্থান করলাম। তিনি বলেছেন- এরূপ ফয়সালা তৃতীয় খলিফা উসমান (রাঃ) করেছিলেন। —িতরমিযী, যুহালী, ইবনু হিব্বান, হাকিম ও অন্যান্যগণ একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ২৩০০, তিরমিয়ী ১২০৪, নাসায়ী ৩৫২৮, ৩৫২৯, ইবনু মাজাহ ৩০৩১, আহমাদ ২৬৫৪৭, ২৬৮১৭, মালেক ১২৫৪, দারেমী ২২৮৭। শাইখ সুমাইর আয় যুহাইরী হাদীসটিকে হাসান বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ফুরাইয়াহ বিনতে মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন